

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রাথমিক শিক্ষা অফিস
সিলেট
ই-মেইল dpeosylhe@gmail.com

স্মারক নং ৩৮.০১.৯১০০.০০০.০৪.০৯৯.১৯. ২০২৩

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয় : জনাব মিটু রঞ্জন চন্দ, সহকারী শিক্ষক, ঘোপাল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, সিলেট এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী বিভাগীয় মামলা রুজুকরণ।

“ অভিযোগনামা ”

যেহেতু আপনি জনাব মিটু রঞ্জন চন্দ, সহকারী শিক্ষক, ঘোপাল সরকারি প্রাথমিক বিদ্যালয়, সদর, সিলেট প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা ২০১৮ এর হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা বিষয়ে জালালাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ-এর পরীক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়নে প্রশ্নপত্রের নম্বর বিভাজন অনুযায়ী মূল্যায়ন না করে দায়িত্ব পালনে অবহেলা করেছেন;

২। যেহেতু আপনি উত্তরপত্র মূল্যায়নের সময় জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) কর্তৃক প্রেরিত মার্কেইং স্কিম অনুসরণ করেননি;

৩। যেহেতু প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার মত গুরুত্বপূর্ণ বিষয়ে উত্তরপত্র মূল্যায়ন করতে গিয়ে যথেষ্ট সতর্কতা অবলম্বন করেননি;

৪। যেহেতু উত্তরপত্র মূল্যায়নে আপনার দায়িত্বহীনতার দরুন কোমলমতি শিক্ষার্থীদের উত্তরপত্র মূল্যায়নে ন্যায্যতা ঘটেনি;

৫। যেহেতু গত ১২.০২.২০১৯ খ্রি. তারিখে প্রাক্তন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার বিষয়টি তদন্তকালে অভিযোগের সত্যতা পান মর্মে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করেছেন;

উপরোক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ২(খ) এবং ২(খ) এর (অ) (আ) ধারায় বর্ণিত অপরাধের পর্যায়ভুক্ত।

উল্লিখিত অভিযোগের পরিপ্রেক্ষিতে উক্ত বিধিমালার ৪ এর ৩ উপ-বিধি (১) (ঘ) অনুযায়ী কেন আপনাকে চাকুরী থেকে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধিমালার আওতায় অন্যকোন যথোপযুক্ত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে এ অফিসে দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানী দিতে ইচ্ছুক হলে তা পত্রে উল্লেখ করবেন।

যে সকল অভিযোগের ভিত্তিতে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে তার একটি বিবরণী এতৎসঙ্গে সংযুক্ত করা হলো।

মোঃ বায়েজীদ খান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
সিলেট
ফোন : ০৮২১-৭১৭৪৫৩

প্রাপক: জনাব মিটু রঞ্জন চন্দ
সহকারী শিক্ষক
ঘোপাল সরকারি প্রাথমিক বিদ্যালয়
সিলেট সদর, সিলেট

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট বিভাগ, সিলেট

২। উপজেলা শিক্ষা অফিসার, সদর, সিলেট। সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে আনীত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী পৌছানো নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৩। সংরক্ষণ নথি।